যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ১১-০৩-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ১৩-০৪-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে জয়দেবপুর-মির্জাপুর-টাঙ্গাইল-জামালপুর মহাসড়কের উভয় পার্শ্বে শিল্প কারখানা থাকায় এবং যথাযথ ড্রেনেজ সিস্টেম না থাকায় জলাবদ্ধতায় ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরে কৃত মাইনর পিএমপি'র কাজের স্থায়িত্ব প্রত্যাশার চেয়ে কম হয়েছে ;

সেহেতু এক্ষণে, এ প্রেক্ষাপটে জনাব উৎপল সামন্ত (পরিচিতি নম্বর ০০৫০৪৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), মৌলভীবাজার সড়ক বিভাগ (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চঃ দাঃ, গাজীপুর সড়ক বিভাগ) কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা নম্বর ০৮/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৩ জ্যৈষ্ঠ ১৪২২/১৭ মে ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৭.১৫-১৫০**—যেহেতু জনাব মোঃ আতাউর রহমান (পরিচিতি নম্বর ০০৫১৫৩), নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছরে ঢাকা সড়ক বিভাগে e-GP এর মাধ্যমে আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণকারী ঠিকাদার M/S. Richi Enterprise এর অনুকূলে তৎকালীন নির্বাহী প্রকৌশলী সৈয়দ আসলাম আলী কর্তৃক স্বাক্ষরিত Work Completion Certificateটি সঠিক আছে মর্মে গত ১০-০৯-২০১৪ তারিখে ২৮৯৬ সংখ্যক স্মারকে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন-কে অবহিত করা হয়;

যেহেতু আপনি পরবর্তিতে ১৬-০৯-২০১৪ তারিখে ২৯৬০ সংখ্যক স্মারকে জনান যে, সৈয়দ আসলাম আলী কর্তৃক স্বাক্ষরিত Work Completion Certificateটি সঠিক নয় এবং পূর্বে ভুলবশতঃ সনদটি সঠিক মর্মে প্রত্যায়ন করা হয়েছিল;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১২/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ১৮-০৩-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২২-০৪-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে মেসার্স Richi Enterprise এর প্রথম সনদ যখন প্রত্যায়ন করা হয় তখন ঢাকা সড়ক বিভাগে তাঁর চাকুরীকাল ছিল মাত্র ১৫ দিন। বর্ষাকাল থাকায় সড়ক নেটওয়ার্ক সচল ও কার্যকর রাখতে তদারকিতে খুবই ব্যস্ত ছিলেন। এ প্রেক্ষাপটে অফিস স্টাফ, অফিস কপির ফটোকপি ও রেজিস্ট্রার এর উপর ভিত্তি করে প্রথম প্রত্যায়ন দিয়েছিলেন, যা ছিল ভুল। ২০০৭-০৮ অর্থবছরের কাজের কন্ট্রাক্ট নম্বর তখন না থাকায় সে সময় cms যাচাই করা সম্ভব হয়নি। পরে কন্ট্রাক্ট নম্বর সংগ্রহ করে cms যাচাই করে জানানো হয় যে প্রথম প্রদত্ত প্রত্যায়ন সঠিক ছিল না। এটা তাঁর ভুল এবং এজন্য তিনি অনুতপ্ত। ভবিষ্যতে যাতে এ ধরনের ভুল না হয় সেজন্য অফিস ব্যবস্থাপনায় প্রতিকারমূলক কার্যক্রম ইতোমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সেহেতু এক্ষণে, এ প্রেক্ষাপটে জনাব মোঃ আতাউর রহমান (পরিচিতি নম্বর´ বাইপাসসহ) সমন্বয় ও মনিটরিং-এর বিষয়ে গত ০৯ এপ্রিল ০০৫১৫৩), নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা নম্বর ১২/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**পরিকল্পনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ মে ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০৫০.১৪.১২.১৪-৬১**—ঢাকায় চারপাশে সার্কুলার নৌরুট এবং সড়ক নির্মাণ (ইস্টাণ ২০১৫ তারিখে মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসরণে প্রস্তাবিত নৌ-পথের উপর লো-হাইটের ব্রীজগুলো কী উচ্চতার নির্মাণ/পুনঃ নির্মাণ করা প্রয়োজন সে বিষয়ে সুনির্দিষ্ট প্রতিবেদন দাখিলের নিমিত্ত কারিগরি কমিটি নিম্নরূপ গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

(১) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

**সদস্যবৃন্দ**

(২) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর প্রতিনিধি
(৩) বাংলাদেশ রেলওয়ে-এর প্রতিনিধি
(৪) বিআইডব্লিউটিএ-এর প্রতিনিধি
(৫) বিআইডব্লিউটিসি-এর প্রতিনিধি
(৬) WARPO-এর প্রতিনিধি
(৭) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এর প্রতিনিধি
(৮) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের এর প্রতিনিধি
(৯) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এর প্রতিনিধি
(১০) নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ
(১১) নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ

**সদস্য-সচিব**

(১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সড়ক সার্কেল

**কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) ঢাকার চারপাশের নদীগুলোর কোন অংশে কী উচ্চতার ব্রীজ নির্মাণ করা হবে তা নির্ধারণ করা;

(খ) ঢাকা সার্কুলার রুটে প্রস্তাবিত নৌ-পথের ওপর লো-হাইটের ব্রীজগুলো কী উচ্চতায় পুনঃনির্মাণ করতে হবে তা নির্ধারণ করা;

(গ) এই কমিটি প্রয়োজনে সদস্য হিসেবে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে; এবং

(ঘ) কমিটিকে আগামী দুই মাসের মধ্যে নদীর নাম এবং ব্রীজের অবস্থানসহ একটি সচিত্র প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিফ রুদাবা**
সিনিয়র সহকারী সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৯ চৈত্র ১৪২১/১২ এপ্রিল ২০১৫

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৬৯.০৩.৩২**—যেহেতু, জনাব আ.ক.ম আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), টুংগীপাড়া, গোপালগঞ্জ এর বিরুদ্ধে 'দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র টুংগীপাড়া, গোপালগঞ্জ এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে উক্ত কেন্দ্রের নিবাসীদের অতিরিক্ত হাজিরা দেখিয়ে ৫,৫৭,১৭২ টাকা ও সরসরাহকারীদের নিকট হতে নিম্নমানের খাদ্য গ্রহণ করে ১,০০,০০০ টাকাসহ মোট ৬,৫৭,১৭২ টাকা আত্মসাতের অভিযোগে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক গত ১৩-০১-২০০৩ তারিখে সকম/প্রঃ-২/পি-১১৭/০২-২৯ সংখ্যক স্মারকযোগে সাময়িক বরখাস্ত করা হয় এবং একই বিধিমালার বিধি-৩(বি) ও (ডি) অনুযায়ী 'অসদাচরণ ও দুর্নীতি'র দায়ে গত ১১-০৫-২০০৩ তারিখে সকম/প্রঃ ২/পি ১১৭/০২-৩৮৮ সংখক স্মারকযোগে বিভাগীয় মামলা (২০/০৩ তারিখ ১১-০৫-২০০৩) রুজু করা হয়।

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানী প্রদান করেন। শুনানীঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হয় এবং কাজী তারিকুজ্জামান, উপপরিচালক, গোপালগঞ্জকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন, সরকারি ক্ষতির অংশ সরকারি কোষাগারে জমা প্রদান, সমাজসেবা অধিদফতরের মতামত এবং সার্বিক বিষয়ক পর্যালোচনায় তাঁর এহেন আচরণ "অসদাচরণ" এর সামিল;

যেহেতু, জনাব আ.ক.ম আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), টুংগীপাড়া, গোপালগঞ্জ কর্তৃক 'দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র' আত্মসাৎকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করলেও তাঁর এহেন আচরণ 'অসদাচরণ' এর সামিল। সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(সি) মোতাবেক আগামী ০৩(তিন) বৎসরের জন্য তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো এবং তার 'সাময়িক বরখাস্ত' আদেশ প্রত্যাহারসহ বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো।

১। সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসাবে গণ্য করা হবে।

২। অবিলম্বে এ আদেশ কার্যকর বলে গণ্য করা হবে।

**নাছিমা বেগম** এনডিসি
সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-১৭**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ বৈশাখ ১৪২২/০৬ মে ২০১৫

**নং শিম/শাঃ ১৭/৪ বিমক ১/২০১১/২৯০**—বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আইন, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নং ১০/৭৩) এর ৪(১)(এ) ধারা মোতাবেক সরকার ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ এর স্কুল অব বিজনেস-এর অধ্যাপক আব্দুল মান্নান-কে আগামী ৪ (চার) বছরের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করেছেন।

১। অধ্যাপক আব্দুল মান্নান এ পদে কর্মরত থাকাকালীন সময়ে বিধি মোতাবেক নির্ধারিত বেতন-ভাতাদি পাবেন;

২। তিনি তাঁর পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধাদি পাবেন;

৩। এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**লায়লা আরজুমান্দ বানু**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ২২ বৈশাখ ১৪২২/০৫ মে ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৭/২০১৫-১১১**—যেহেতু, জনাব রিজওয়ানুল হক, উপজেলা শিক্ষা অফিসার, সদর লালমনিরহাট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব রিজওয়ানুল হক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ইউপেপ প্রশিক্ষণকালীন সময়ে নেপ-এ বুনিয়াদী প্রশিক্ষণাধীন থাকা সত্ত্বেও গত ১৪-১০-১৪ তারিখে ইউপেপ প্রেরণ করেন;

যেহেতু, জনাব রিজওয়ানুল হক-এর বিরুদ্ধে মামলা চালানোর মত আর কোন কারণ না থাকায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, , জনাব রিজওয়ানুল হক, উপজেলা শিক্ষা অফিসার, সদর, লালমনিরহাট-কে সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২) (এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
সচিব।

## বিদ্যালয়-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৮ বৈশাখ ১৪২২/১১ মে ২০১৫

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০৭.২০১৩-২৪৮**—রাজবাড়ী সদর উপজেলার চর আম্বাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তন করে মুন্সি বেলায়েত হোসেন সরকারি প্রাথমিক বিদ্যালয় নামকরণ করা হল এবং সদর উপজেলার সোনাকান্দর মৌজার এ এস ১৮০ বিএস ২০৮ দাগে ২০ শতক একই মৌজার এস ১৮০ বিএস ২০৭ দাগে ৭ শতকসহ মোট ২৭ শতক জমিতে বিদ্যালয়টি স্থানান্তর করার ভূতাপেক্ষ অনুমতিও প্রদান করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৩০ বৈশাখ ১৪২২/১৩ মে ২০১৫

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০১০.২০১৪-২৫৭**—মানিকগঞ্জ জেলার সদর, উপজেলার 'পূর্ব দাশড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়-এর নাম পরিবর্তন করে 'রাওয়ান ইবনে রমজান সরকারি প্রাথমিক বিদ্যালয়' বড় শৌরভী, সদর, মানিকগঞ্জ নামকরণ করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৪ বৈশাখ ১৪২২/২৭ এপ্রিল ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৩৭.১৪-৩৮০**—যেহেতু, জনাব মোহাম্মদ শিবলী কায়সার, সাবেক সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, বান্দরবান পার্বত্য জেলা বর্তমানে সহকারী পুলিশ সাপার, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি এর বিরুদ্ধে গত ১৪-১১-২০১৩ তারিখে বান্দরবান পার্বত্য জেলার ট্রাফিক মোড়ে সংঘটিত ঘটনায় লাঞ্ছিত হওয়ার কারণ নিয়ে মাত্রাতিরিক্ত বাড়াবাড়ি করা এবং এই ঘটনায় কাউকে হয়রানী না করার কথা পুলিশ সুপার তাকে বলার পরও 'হানিফ' নামে একজনকে ধরে চালান দেয়ার জন্য তদন্তকারী অফিসারকে নির্দেশ প্রদান করা। বিভিন্ন গোয়েন্দা সংস্থা ও সাংবাদিকদের নিকট পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা তথা পুলিশের বিভিন্ন কর্মকান্ড নেতিবাচকভাবে উপস্থাপন করা এবং প্রকাশের জন্য প্ররোচনা দেওয়া। তার অফিসের কনস্টেবলদের বদলী সংক্রান্তে আরআইসহ অন্যান্যদের নিকট "পুলিশ সুপারের যদি পয়সা প্রয়োজন হত তাহলে আমাকে বলতেন আমিই খামে ভরে পাঠিয়ে দিতাম" জাতীয় অত্যন্ত ঔদ্ধত্যপূর্ণ নেতিবাচক মন্তব্য করা। উক্ত জেলার কং/১৩৫৭ মোঃ শহিদুল ইসলাম এর মাধ্যমে বান্দরবান পৌরসভার বিভিন্ন হোটেল যেমন-হোটেল সাদিয়া, হোটেল লোহাগাড়া, পাহাড়িকা রেস্ট হাউজসহ আরও অনেক হোটেল থেকে নিয়মিত টাকা তোলা। থানা পুলিশ বা জেলা গোয়েন্দা শাখা বিভিন্ন হোটেলে অভিযান পরিচালনা করলে তাদেরকে তার অনুমতি ছাড়া অভিযান পরিচালনা করতে নিষেধ করা। বান্দরবান পুলিশ অফিস নিরীক্ষার সময় অডিট টিমকে তার অফিসে ডেকে নিয়ে তাদেরকে পুলিশ সুপারের অফিস বিষয়ে নেতিবাচক ধারণা প্রদান করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ এবং দুর্নীতির অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন ও সার্বিক অবস্থা পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় এবং একজন নবীন কর্মকর্তা হিসেবে তাকে বিবেচনায় নিয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে লঘু দন্ডের যেকোন একটি দন্ড দেয়াই যুক্তিযুক্ত হবে বলে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোহাম্মদ শিবলী কায়সার, সাবেক সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, বান্দরবান পার্বত্য জেলা, বর্তমানে সহকারী পুলিশ সুপার, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(বি) অনুযায়ী লঘুদন্ড হিসেবে বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান করে অত্র মামলাটি নিষ্পত্তি করা হ'ল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৪৬.১৪-৩৮১**—যেহেতু, জনাব মোহাম্মদ মহিউল ইসলাম, সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ৯ম এপিবিএন, চট্টগ্রাম, বর্তমানে পোড়াবাড়ী ক্যাম্প, গাজীপুর, র‍্যাব-১, উত্তরা, ঢাকা এর বিরুদ্ধে হাইতি মিশনে কর্মরত থাকাকালীন ১৭-০১-২০১৪ তারিখ হতে ১৫-০২-২০১৪ তারিখ পর্যন্ত সর্বমোট ৩০ (ত্রিশ) দিনের ছুটিতে বাংলাদেশে এসে নির্দিষ্ট সময়ে কর্মস্থলে যোগদান না করে ০৯ (নয়) দিন অতিবাস করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩ (বি) বিধি মোতাবেক অদক্ষতা এবং অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন ও সার্বিক অবস্থা পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ার সম্ভাবনা আছে বলে প্রতীয়মান হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির এবং তিনি একজন নবীন কর্মকর্তা এ বিবেচনায় শুনানীর এই পর্যায়ে তাকে লঘু দন্ডের যে কোন একটি দন্ড দেয়াই যুক্তিযুক্ত হবে বলে মনে হয়।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোহাম্মদ মহিউল ইসলাম, সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ৯ম এপিবিএন, চট্টগ্রাম, বর্তমানে পোড়াবাড়ী ক্যাম্প, গাজীপুর, র‍্যাব-১, উত্তরা, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২) (বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(এ) বিধি মোতাবেক লঘুদন্ড হিসেবে "তিরস্কার" দন্ড প্রদান করা হ'ল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৩ বৈশাখ ১৪২২/১৬ এপ্রিল ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৪-২২০**—কুমিল্লা জেলার দেবিদ্বার থানার মামলা নম্বর-১৬, তারিখ ১৮-০৯-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৬(২)/১০/১২ ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৪-২২১**—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-২৯, তারিখ ১৮-০৯-২০১৪ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)}এর ৬(২) ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ২৮ বৈশাখ ১৪২২/১১ মে ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-২৫৬**—সিএমপি, চট্টগ্রাম এর বায়েজিদ বোস্তামী থানার মামলা নম্বর-০৫, তারিখ ০৯-১১-২০১৩ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৮/৯/১০/১৩ ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-২৫৭**—সিএমপি, চট্টগ্রাম এর ডবলমুরিং মডেল থানার মামলা নম্বর-২৩, তারিখ ৩১-০১-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৬(১)/১০/১১/১২ ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৪-২৫৮**—শেরপুর জেলার সদর থানার মামলা নং-২৮, তারিখ ১৯-০৪-২০১৩ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ১০/১৩ ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
**উপসচিব।**

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ০৪ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১৪-২৩২**—যেহেতু, ডাঃ মোসাঃ মিথিলা ফেরদৌস (১১৪৩৮৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সিগঞ্জ (প্রাক্তন রেজিষ্ট্রার (ক্যাজুয়ালটি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৪-০৭-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১৪-৫৯১নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫-০৪-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি অনিমিতভাবে হাজিরা খাতায় স্বাক্ষর করতেন। তার অনিয়মিত অনুপস্থিতির জন্য কর্তৃপক্ষ তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করলেও তিনি কারণ দর্শানো নোটিশের সঠিক ও যথাযথ জাবাব প্রদানে ব্যর্থ হন। পরবর্তীতে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষের অভিযোগের প্রেক্ষিতে তাকে অন্যত্র বদলি করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোসাঃ মিথিলা ফেরদৌস (১১৪৩৮৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Senscure) করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৩-২৩৪**—যেহেতু ডাঃ মোহাম্মদ আলাউল কবির(১২৫২৯৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেঘনা, কুমিল্লা গত ০৫-০৪-২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ২৮-১১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭ .০১.০০.১৮৭.২০১৩-৯৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৯-১২-২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু ডাঃ মোহাম্মদ আলাউল কবির (১২৫২৯৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেঘনা, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তাঁর ০৫-০৪-২০১৩ তারিখ হতে ২২-০৯-২০১৪ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

## হাসপাতাল-০৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২০ এপ্রিল ২০১৫

**নং স্বাপকম/হাস-৩/বিবিধ-০২/০৫/১৩৩**—শিশুমাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট আইন, ২০০২-এর ০৬ নং ধারা মোতাবেক নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকার বোর্ড অব গভর্নরস গঠন করা হলোঃ

**চেয়ারম্যান**

(১) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মামনীয় সংসদ সদস্য ;

(ক) জনাব জাহিদ মালেক, এমপি এবং মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সরকার কর্তৃক মনোনীত।

(খ) জনাব আলহাজ্ব হাবিবুর রহমান মোল্লা, (১৭৮, ঢাকা-৫), সরকার কর্তৃক মনোনীত।

(৩) সচিব/সিনিয়র সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পদাধিকারবলে)।

(৪) সচিব/সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (পদাধিকারবলে)।

(৫) মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পদাধিকারবলে)।

(৬) মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা (পদাধিকারবলে)।

(৭) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, ঢাকা (পদাধিকারবলে)।

(৮) পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা (পদাধিকারবলে)।

(৯) অধ্যাপক মোঃ শহিদুল্লাহ, শিশুরোগ বিশেষজ্ঞ, বিএসএমএমইউ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)।

(১০) অধ্যাপক রওশন আরা বেগম, বিভাগীয় প্রধান (স্ত্রীরোগ ও ধাত্রীবিদ্যা), হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)।

(১১) শিশু ও মায়েদের স্বাস্থ্য পুষ্টি বিষয়ে জ্ঞান সম্পন্ন দুইজন ব্যক্তি ;

(ক) ডাঃ মোঃ শফিকুর রহমান, বাসা নং ৮৭, সড়ক-১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)।

(খ) জনাব আবুল কাশেম হুমায়ন, ব্যবস্থাপনা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা ও সদস্য, ব্যবস্থাপনা বোর্ড, ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)।

(১১) অধ্যাপক ডাঃ নাজনিন কবির, বিভাগীয় প্রধান (স্ত্রীরোগ ও ধাত্রীবিদ্যা), শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

(১৩) নির্বাহী পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা (পদাধিকারবলে)।

(খ) বোর্ড অব গভর্নরস-এর কার্য পরিধি ঃ

(১) ইনস্টিটিউটের কার্যাবালী পরিচালনা ও প্রশাসন একটি "বোর্ড অব গভর্নরস" এর উপর ন্যস্ত থাকিবে এবং ইনস্টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড অব গভর্নরসও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে;

(২) ইনস্টিটিউট উহার কার্যবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে;

(৩) মনোনীত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে ০৩ তিন বছর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন তবে, শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শাইয়া উক্তরূপ কোন সদস্য-কে তাহার পদ হইতে যে কোন সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে। আরো শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, কিন্তু সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৪) সরকার কর্তৃক মনোনীত কোন সংসদ সদস্য পরবর্তীতে সংসদ সদস্য হিসেবে না থাকিলে তাহার পদ শূন্য হইবে এবং তদস্থলে নতুন সংসদ সদস্য মনোনীত হইবেন।

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এই আদেশ ১২-০৪-২০১৫ তারিখ হইতে কার্যকর বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুরুন্নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(সিটি কর্পোরেশন-২ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ, ২৪ বৈশাখ ১৪২২/০৭ মে ২০১৫

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৯.১৫.২৪২**—যেহেতু জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেন, পিতা মৃত ডাঃ আব্দুর রশিদ, পোঃ সপুরা, থানা বোয়ালিয়া, জেলা রাজশাহী, রাজশাহী সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে বোয়ালিয়া মডেল থানার (১) মামলা নং ৩৮, তারিখ ২৬-১২-১৩; (২) মামলা নং ৩৭, তারিখ ২৬-১২-১৩; (৩) মামলা নং ৪১, তারিখ ২২-০৪-১২ এবং (৪) মামলা নং ০৮, তারিখ ০৪-০৬-২০১১ এর বিষয়ে অভিযোগপত্র (চার্জশীট) বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী-তে দাখিল করা হয়েছে; এবং

৩। যেহেতু উক্ত অভিযোগপত্রসমূহ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী কর্তৃক গৃহীত হয়েছে।

৪। সেহেতু, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ মোসাদ্দেক হোসেন-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯(২০০ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জসীম উদ্দীন হায়দার**
সিনিয়র সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সম্পত্তি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ জুলাই ২০১৫/১১ শ্রাবণ ১৪২২

**নং ৩৫.০০.০০০০.০২৩.১৭.০০৪.১৩-১৮৬**—সড়ক ও জনপথ অধিদপ্তরের ময়মনসিংহ সড়ক বিভাগাধীন ত্রিশাল-নান্দাইল (কানুরামপুর) সড়কের ১৩তম কিলোমিটারে ব্রহ্মপুত্র নদের উপর ৪৭৭ মিটারদীর্ঘ বালিপাড়া সেতুটির নাম "রফিক উদ্দীন ভূইয়া সেতু" নামে সরকার নামকরণ করিলেন।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম জিলানী**
সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জুলাই ২০১৫/২২ আষাঢ় ১৪২২

**নং ৩৮.০০১.০২২.০০.০০.০০২.২০১১-৫৯৫**—উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ (২০১৪ সালের ১৪ নং আইন) গেজেটে প্রকাশের তারিখ (২৭ নভেম্বর ২০১৪) হতে কার্যকর হবে। উক্ত আইনের ধারা ১ এর উপধারা-২ মোতাবেক এ প্রজ্ঞাপন জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।

---

**[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র ]**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ০৫ ফেব্রুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-২৪/২০১১-৮৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ হেলাল উদ্দিন, পিতা মোঃ নুরুল ইসলাম, মাতা সাফিয়া আক্তার, গ্রাম চরশিবপুর, ডাকঘর আইয়ুবপুর, উপজেলা বাঞ্ছারামপুর, জেলা ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪ নং সোনারপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ৩০ জুলাই ২০১৫

**নং বিচার-৭/২এন-৮৮/৮০-৪০০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ঠ হয়ে আপনাকে (জনাব মোঃ মাহফুজুর রহমান, পিতা-মোঃ খাদেম আলী সরকার, মাতা-সালেহা বেগম, গ্রাম-হালইসার, ডাকঘর-সুরেশ্বর দরবার শরীফ, ইউনিয়ন ঃ ঘড়িসার, উপজেলা-নড়িয়া, জেলা-শরীয়তপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার ঘড়িসার ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।